

স্মারক নং ইআবি/একা/ফা.অ.২য়/২০১৭/৩৩৩২

তারিখ: ২৬/০৭/২০১৭

ফাজিল (অনার্স) ২য় বর্ষে পুনঃ ভর্তি / সেশন ফি' জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত ৩১টি অনার্স মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এ উত্তীর্ণ শিক্ষার্থীদের নিম্নবর্ণিত তফসিল অনুসারে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে :

তফসিল:

(ক) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ফাজিল অনার্স শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর ফলাফল প্রকাশের ১ মাসের মধ্যেই অনার্স মাদরাসাসমূহ তাদের স্ব স্ব মাদরাসার সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিম্নবর্ণিত সেশন ফি'সহ অন্যান্য ফি' আদায় স্বাপেক্ষে ফাজিল অনার্স ২য় বর্ষের ভর্তির কাজ সম্পন্ন করতে হবে। আদায়কৃত ফি' ব্যাংকে জমা দিয়ে এর ব্যাংক অনলাইন / টি,টি, রশিদ পরবর্তী ১৫ দিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।


(খ) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ফাজিল অনার্স শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ফাজিল অনার্স ২য় বর্ষের পুনঃ ভর্তি/সেশন ফি' নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো। উক্ত ফি' সমূহের মধ্যে পুনঃ ভর্তি/সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থ মাদরাসা পাবে এবং অবশিষ্ট ৫০% অর্থসহ অন্যান্য ফি' বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

শ্রেণী	পুনঃভর্তি /সেশন ফি'	ক্রীড়া ফি'	রোভার স্কাউটস /বি.এন.সি.সি ফি'
ফাজিল (অনার্স)	৩০০/-	৫০/-	২৫/-

(গ) স্ব স্ব মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের ফাজিল অনার্স ২য় বর্ষে ভর্তি সম্পন্ন হওয়ার ঠিক পরের দিনই আদায়কৃত ফি' সমূহ {সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে} রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর হিসাব নম্বর : (STD) 0200004383365 অর্থনী ব্যাংক, সাত মসজিদ রোড শাখা-এর অনুকূলে {অর্থনী ব্যাংকের অনলাইন ব্যাংকিং/ টি.টি.(যেখানে অনলাইন ব্যাংকিং নেই) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি গ্রহণ করা হবে না} জমা দিতে হবে। উক্ত অনলাইন ব্যাংকিং/ টি.টি. রশিদের সাথে ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকাও জমা দিতে হবে।

(ঘ) ফাজিল অনার্স শ্রেণীতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাজিল অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হবে সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি' প্রদান {প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে} স্বাপেক্ষে ফাজিল অনার্স পরীক্ষার ফলাফল প্রকাশের ১ (এক) মাসের মধ্যে পুনঃ ভর্তি হতে হবে এবং পুনঃ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের তালিকাসহ আদায়কৃত অর্থের ব্যাংক অনলাইন সম্পন্ন করে ১৫ দিনের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের বছিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ে সরাসরি জমা দিতে হবে।

(ঙ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি' সমূহ একটি ব্যাংক স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের তালিকা আলাদা আলাদা করে জমা দিতে হবে।



২৬/৭/২০১৭

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়